



তারিখ: ৯ জুলাই ২০১৭

প্রেস বিজ্ঞপ্তি

নাগরপুরে ইউপি সদস্যের সভাপতিত্বে অনুষ্ঠিত সালিশে ধর্ষণের শিকার নারীকে ১৫ হাজার টাকা জরিমানা প্রদান করার ঘটনায় - মহামান্য হাইকোর্ট বিভাগের রুলনিশি জারী

আজ ৯ জুলাই ২০১৭, টাঙ্গাইলের নাগরপুর উপজেলায় গ্রাম্য সালিশে ধর্ষণের শিকার নারীকে ১৫ হাজার টাকা জরিমানা প্রদান করার ঘটনায় বিচারপতি ওবায়দুল হাসান এবং বিচারপতি কৃষ্ণা দেবনাথ এর সমন্বয়ে গঠিত মহামান্য হাইকোর্টের একটি বেঞ্চ ঘটনার সাথে জড়িত ইউপি সদস্যের এরূপ শাস্তি প্রদান কেন অবৈধ ও আইনগত কর্তৃত্ব বর্হিত্বত ঘোষণা করা হবে না এবং তার বিরুদ্ধে কেন আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে না, এ মর্মে আদালত রুলনিশি জারী করেন। এছাড়া ঘটনা পরবর্তী কি আইনগত ব্যবস্থা গ্রহণ করা হয়েছে তা জানতে চেয়ে আদালত নাগরপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তাকে আগামী ২০ জুলাই ২০১৭ তারিখ আদালতে উপস্থিত হয়ে নিজ বক্তব্য প্রদানের জন্য নির্দেশনা প্রদান করেছেন।

উল্লেখ্য, গত ৮ জুলাই ২০১৭ টাঙ্গাইলের নাগরপুর উপজেলায় গ্রাম্য সালিশে ধর্ষণের শিকার নারীকে ১৫ হাজার টাকা জরিমানা ও শারীরিক শাস্তির প্রদান করার ঘটনা ঘটে যা গত ৯ জুলাই ২০১৭ তারিখ যুগান্তরসহ বিভিন্ন পত্র-পত্রিকায় সংবাদ আকারে প্রকাশিত হয়। এ প্রেক্ষিতে ব্লাস্ট এর আইন উপদেষ্টা ও পরিচালক এডভোকেট এস এম রেজাউল করিম উক্ত ঘটনাটি আদালতের নজরে আনলে মহামান্য আদালত ঘটনাটিকে আমলে নেন। উক্ত শুনানিতে ব্লাস্টের পক্ষে ব্লাস্টের বোর্ড অব ট্রাস্টিজ সদস্য এডভোকেট জেড আই খান উপস্থিত থাকেন এবং তাকে সহায়তা করেন ব্লাস্টের আইনজীবী এডভোকেট শারমিন আক্তার ও এডভোকেট আবু ওবায়দুর রহমান। রাষ্ট্রপক্ষের ডেপুটি এ্যাটর্নী জেনারেল জনাব মো: জাহাঙ্গীর আলম এ সময় আদালতে উপস্থিত ছিলেন।

বিস্তারিত তথ্যের জন্য যোগাযোগ করুন:

মাহবুবা আক্তার

উপ- পরিচালক (এডভোকেসী এন্ড কমিউনিকেশন),

মোবাইল নং: ০১৭৭৬০৬০১১৩

ইমেইল: mahbuba@blast.org.bd